

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জানুয়ারি'২০২৪খ্রি.

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন প্রেরণা যোগায় দেশ পুনর্গঠনে: মেয়র রেজাউল

পাকিস্তানের কারাগার থেকে স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন বাঙালিদের যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনে অনুপ্রেরণা যোগায় বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দেয়ার পর মেয়র বলেন, ৭২-এর ১০ জানুয়ারি স্বাধীন বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি লাভ করে স্বদেশে ফিরে আসেন। দেশে ফিরে রমনার বিশাল জনসভায় বঙ্গবন্ধু ঘোষণা দিলেন আদর্শ রাষ্ট্র গঠনের। দেশ স্বাধীন হওয়ার মাত্র এক বছরের মাথায় প্রণয়ন করলেন সংবিধান। তার অনুপ্রেরণাদায়ক উপস্থিতি জাতিকে অনুপ্রেরণা যোগালো যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠনের।

“আজ যে আমরা সব ধর্মের মানুষ মিলে-মিশে বসবাস করছি তা বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক চেতনার ফলেই সম্ভব হয়েছে। বঙ্গবন্ধুর হাত ধরে দেশের ভিত্তি রচিত হওয়ায় সব ধর্মের মানুষের ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত হয়েছে। ধর্ম, বর্ণ, জেভারের ভিন্নতার কারণে কাউকে রাষ্ট্রীয় কোন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হতে হচ্ছেনা। আজ আমাদের মাঝে বঙ্গবন্ধু নেই, তবে আমরা যদি শেখ হাসিনার নেতৃত্বে কাজ করতে থাকি তাহলে সব বাধা-বিপত্তি উপেক্ষা করে অচিরেই অর্জন করব ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত সোনার বাংলা।”

এসময় মেয়র রেজাউলের সাথে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, হাজী নুরুল হক, জহর লাল হাজারী, হাসান মুরাদ বিপ্লব, সলিমুল্লাহ বাচ্চু, শাহেদ ইকবাল বাবু, শৈবাল দাস সুমন, আবদুস সালাম মাসুম, মো. ইসমাইল, আবুল হাসনাত মো. বেলাল, আতাউল্লা চৌধুরী, আবদুল মান্নান, শাহীন আকতার রোজী, রুমকি সেনগুপ্ত, সচিব খালেদ মাহমুদসহ বিভাগীয় প্রধানবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দসহ সিবিএ নেতৃবৃন্দ।

দ্রুততম সময়ে শহীদ মিনারকে জনবান্ধব করার পথ খুঁজতে হবে : মেয়র রেজাউল

চট্টগ্রামের নবনির্মিত কেন্দ্রীয় শহীদ মিনার ও তৎসংলগ্ন স্থাপনাসমূহের বিষয়ে নাগরিক সমাজের উত্থান আপত্তিসমূহ সমাধানের পথ দ্রুততম সময়ে খুঁজে বের করতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

চট্টগ্রামে নতুন কেন্দ্রীয় শহীদ মিনারকে চারপাশ থেকে দৃশ্যমান করার আপামর সংস্কৃতিজনের দাবির প্রেক্ষিতে একাধিক সভা করে এ বিষয়ে নেন সংশ্লিষ্টজনদের মতামত নেন মেয়র রেজাউল। পাশাপাশি ২৪ ডিসেম্বর মেয়র রেজাউলকে আহ্বায়ক করে চট্টগ্রামের কেন্দ্রীয় শহীদ মিনারের সংস্কার কার্যক্রম সংক্রান্ত ৭ সদস্য বিশিষ্ট টেকনিক্যাল কমিটি গঠন করা হয়।

বুধবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে কমিটির সভায় মেয়র বলেন, শহীদ মিনার মিনার আমাদের চেতনার উৎস। জনগণের মূল দাবি শহীদ মিনারকে দৃশ্যমান করা। বর্তমানে শহীদ মিনারে যেতে ৪টা সিড়ি বেয়ে যেতে হচ্ছে। যা সাধারণ মানুষ বিশেষ করে বয়োজেষ্ঠ্যদের উপযোগী নয়। এছাড়া, সিড়িগুলোর গঠন এমন যে বড় কোন আয়োজনে প্রচণ্ড ভিড় হলে এ সিড়ির কারণে মানুষের হাত-পা ভাঙবে। প্রকল্প সংশ্লিষ্টদের স্থপতিদের সাথে বসে দ্রুততম সময়ে এ সমস্যার সমাধান বের করতে হবে।

মেয়রের প্রস্তাবের প্রেক্ষিতে কমিটির সদস্যরা ১৬ জানুয়ারি সকাল ১১টায় প্রকল্পের এলাকা পরিদর্শন শেষে মেয়রকে এ বিষয়ে অবগত করার সিদ্ধান্ত হয় সভায়। সভায় চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট প্রকল্পের পরিচালক যুগ্ম সচিব লুৎফুর রহমান, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বদরুল আলম খান, নির্বাহী প্রকৌশলী রাহুল গুহসহ কমিটির সদস্যবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, চট্টগ্রাম কেন্দ্রের সাবেক সভাপতি প্রকৌশলী দেলোয়ার মজুমদার, একুশে পদকপ্রাপ্ত নাট্যজন আহমেদ ইকবাল হায়দার, স্থপতি আশিক ইমরান, স্থপতি সোহেল মোহাম্মদ শাকুর, চসিকের সহকারী স্থপতি আবদুল্লাহ আল ওমর।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮